500Rs.

INDIA NON JUDICIAL

৫০০রু. Rs 500

भारत

पाँच सौ रुपया FIVE HUNDRED RUPEES

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA

দা ন প ত্র দ লি ল ।।

*********************

| | |
|---|---|
| দান পত্র গ্রহিত্রী :-<br>*************** | শ্রীমতী মঞ্জু নন্দী, পিতা মৃতঃ মন্মথনাথ নন্দী, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাং ৩১।ডি, সেভেন ট্যাংকস্ লেন, থানা কাশীপুর, কলিকাতা-৩০, হাল সাং ৪ইউ, গৌর সুন্দর শেঠ লেন, কলিকাতা-৭০০০৫০ । |
| দান পত্র দাতা :-<br>************** | শ্রী সুপ্রসন্ন নন্দী, পিতা মৃতঃ মন্মথনাথ নন্দী, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং ৩১।ডি, সেভেন ট্যাংকস্ লেন, থানা কাশীপুর, কলিকাতা-৩০, হাল সাং ৪ইউ, গৌরসুন্দর শেঠ লেন, কলিকাতা-৭০০০৫০ । |

কস্য শুভ দান পত্র দলিল মিদং কার্য্যাঞ্চাগে :-

100Rs.




। ২ ।

জেলা উত্তর ২৪ পরগণা, থানা ও সাবরেজিস্ট্রী অফিস কাশীপুর দমদম, দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন অত্র জেলা কালেক্টরীর ১২৯৮।২৮০৩ নং তৌজি ভুক্ত, ডিহি ৫৫ গ্রাম, গ্রাণ্ড ডিভিশান ১, সাব ডিভিশান ১৪, খাস মহল ৭২, ৭৪, ৭৬, ৭৭ ও ৭৮ নং হোল্ডিং ভুক্ত ৩৪এ, সাউথ সিঁথি রোড প্রেমিসেসস্থিত নিতাই চরন পাল মহাশয়ের পার্টিশান সূত্রে জমির দরুন তাহার নিজ নাম পত্তন পূর্বক উক্ত জমি বাস্তু জমিতে ব্যবহার করিবার জন্য কালেক্টার অফ খাসমহল হইতে স্যাংশান করতঃ উক্ত জমি ডেভলপ করতঃ পৃথক পৃথক প্লটে বিভক্ত করাইয়া উহার একটি স্কীম প্ল্যান প্রস্তুত করাইয়া বিক্রয় বাদে উক্ত স্কীম প্ল্যানের ২১ নং প্লট ভুক্ত উক্ত ৩৪এ, সাউথ সিঁথি রোড

60 Rs.






প্রেমিসেসের ২ দুইকাঠা ১০ দশ ছটাক ১৪ চৌদ্দস্কোয়ার ফুট জমি বিক্রয় করার ঘোষণা করিলে অত্র দান পত্র দাতা আমি ও আমার অপর দুই ভ্রাতা যথাক্রমে শ্রী সুপ্রত্যুল নন্দী, শ্রী বিষ্ণু নন্দী ও অত্র দান পত্র গ্রহিত্রী এই চারিজন একযোগে বিগত ইংরাজী ১৮।৩।১৯৭৫ তারিখে এক খণ্ড রেজিষ্ট্রীকৃত সাফ বিক্রয় কোবালা (যাহার বুক নং ১, ভল্যুম নং ১, পৃষ্ঠা নং ২৩১ হইতে ২৪২, দলিল নং ২৭৬৭, এস,আর, কাশীপুর দমদম অফিস) মূলে ৭৭ নং বেনিয়া টোলা ষ্ট্রীট, থানা জোড়াবাগান,কলিকাতা-৫ সাকিনের নিবাসী স্বর্গীয় ভূতনাথ পাল মহাশয়ের পুত্র উক্ত শ্রী নিতাই চরন পাল মহাশয়ের নিকট হইতে খরিদ করত: আমাদের উক্ত খরিদা কোবালা দলিলের চৌহদ্দিতে ভুল থাকায় উক্ত খরিদা কোবালা দলিল দৃঢ়তর করার জন্য উক্ত শ্রী নিতাই চরন পাল মহাশয় বিগত

50 Rs.




Sprasanna Kundu



ইংরাজী ১১।৬।১৯৭৫ তারিখে এক খণ্ড রেজিষ্ট্রীকৃত রেকটিফিকেশান দলিল (যাহার বুক নং ১, ভলুম নং ১০৩, পৃষ্ঠা নং ১৮৮ হইতে ১৮৯, দলিল নং ৬০২৯, এস,আর, কাশীপুর দমদম অফিস) মূলে আমাদের নাম বরাবর সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দেন এবং আমরা আমাদের খরিদা সম্পত্তির দরুন খাসমহল অফিস আলিপুর ও কলিকাতা কর্পোরেশনে আমাদের নাম পত্তন পূর্ব্বক তদুপরি পাকাঁ গৃহাদি নির্ম্মান করাইয়া বসবাসের দ্বারা তদংশে এযাবৎ মালিক দখলীকার হইতেছি এবং উক্ত ৩৪এ, সাউথ সিঁথি রোড প্রেমিসেস অধুনা যাহা বর্ত্তমানে আমাদের নাম বরাবর ৪ইউ, গৌরসুন্দর শেঠ লেন হইতেছে ।

ক্ষণে অত্র দান পত্র গ্রহিত্রী আপনি আমার জ্যেষ্ঠা ভগ্নি বিধায় আপনি আমাকে সাতিশয় স্নেহ করেন ও ভালবাসেন আমার একান্ত বাসনা উক্ত হাল

3Rs

INDIA

तीन रुपये


सत्यमेव जयते

THREE RUPEES भारत THREE RUPEES



৪ইউ, গৌরিসুন্দর শেঠ লেন প্রেমিসেস্‌স্থিত ২ দুই কাঠা ১০ দশ ছটাক ১৪ চৌদ্দ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত পাকা গৃহাদি মধ্যে আমার অবিভক্ত ১।৪ একের চার রকম অংশীয় কমবেশ ১০ ১/২ ছটাক ৩ ১/২ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত পাকা গৃহাদি আপনাকে নির্ব্যূঢ় স্বত্বে দান করি উক্ত বাসনা কার্য্যে পরিণত করার মানসে এই দান সম্বন্ধে আপনার নিকট প্রস্তাব করায় আপনি আমার যৎসামান্য দান সাদরে গ্রহণ করিতে ইচ্ছুক হওয়ায় আমি অদ্যকার তারিখে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনাকে নির্ব্যূঢ় স্বত্বে দান করিয়া দিয়া তাহা হইতে এককালীন চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হইলাম। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববতী ও মালিক হইয়া যদৃচ্ছা পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমি কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না। করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বাদালতে

3RS






বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে । অত্র দানকৃত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক, বায়না, প্রজাবিলি ইত্যাদির দ্বারা বা অন্য কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহা ইতিপূর্ব্বে কোন দেবসেবায় বা জনহিতকর কার্য্যে অর্পন করি নাই । সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ স্বত্ব যুক্ত ও অবিভক্ত অবস্থায় আপনাকে নির্ব্যূঢ় স্বত্বে দান করিলাম ।

ভবিষ্যতে অত্র দলিলে কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে অত্র দানপত্র দলিল সম্পূর্ণ দৃঢ়তর করার জন্য যুক্তি সঙ্গত যে কোন প্রকার সংশোধনী বা সাপ্লিমেন্টারী দলিল করার প্রয়োজন হইলে আমি তাহা বে-ওজরে অত্র দান পত্র গ্রহিত্রী আপনার খরচায় আপনার তলব মত আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ।

দানকৃত সম্পত্তির মূল্য ১০,০০০.০০ দশ হাজার টাকা মাত্র।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম্ম সম্যক অবগত হইয়া ও ভালরূপ বুঝিয়া অত্র শুভ দান পত্র দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ইংরাজী ১৯৮৭ সালের ৩রা জুন, মোতাবেক সন বাংলা ১৩৯৪ সালের ১৯শে জ্যৈষ্ঠ।

তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় :-

*******************************

জেলা উত্তর ২৪ পরগণা, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম, দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলেকাধীন অত্র জেলা কালেক্টারীর ১২৯৮।২৮৩৩ নং তৌজি ভুক্ত ডিহি ৫৫ গ্রাম, ডিভিশান ১, সাবডিভিশান ১৪, খাসমহল ৭২, ৭৪, ৭৬, ৭৭, ও ৭৮ নং হোল্ডিং ভুক্ত সাবেক ৩৪এ, সাউথ সিথি রোড প্রেমিসেসের অংশ যাহা বর্তমানে ৪ইউ, গৌরসুন্দর শেঠ লেন প্রেমিসেসস্থিত ২ দুই কাঠা ১০ দশ ছটাক ১৪ চৌদ্দ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত পাকা গৃহাদি মায় যাবতীয় সাজপাঠ মধ্যে অত্র দান পত্র দাতা আমার অবিভক্ত ১।৪ একের চার রকম অংশীয় কমবেশ ১০ $\frac{১}{২}$ ছটাক ৩ $\frac{১}{২}$ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত পাকা গৃহাদি উহাই অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে।

Suprasanna Kundu

তপশীল সমগ্র সম্পত্তির পরিচয় :-

******************************

উত্তরে :- কর্পোরেশান ড্রেন ।

দক্ষিণে :- ৩৩" ফুট চওড়া রাস্তা,

পূর্ব্বে :- শ্রীঃ সুনন্দ শেঠ প্রমুখ, ২০" ফুট চওড়া রাস্তা,

পশ্চিমে :- অপর সুমাজীর বাড়ী,

অত্র দান পত্র গ্রহিত্রী আমি
Manju Kundu.
অত্র দান পত্রে লিখিত সম্পত্তি
দানস্বরূপ গ্রহণ করিলাম ।

মুসাবিদা কারক :-
Sukla Ghosh
Advocate
Alipore Police Court
Calcutta - 27

ইসাদী :-
1) Pashupati Sarkar,
of Alipore Court.
Cal- 27.

2) Sukla Ghosh
23/2A Durga Charan
Mukherjee Street.
Cal- 3

টাইপ কারক :-
শ্রী সমীর কুমার দাস
শ্রী সমীর কুমার দাস ।
আলিপুর পুলিশ কোর্ট ।
কলিকাতা-২৭ ।

Book No I

Volume No 138

Pages 315 – 322

Being No 5820

For the year 1987

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA

22-9-88.

REGISTRAR OF ASSURANCES
CALCUTTA